



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়
স্থানীয় সরকার বিভাগ
আইন -১
www.lgd.gov.bd



স্মারক নম্বর: ৪৬.০০.০০০০.০২০.০৪.১৯০.২৩.১১২৮

তারিখ: ৫ আশ্বিন ১৪৩০

২০ সেপ্টেম্বর ২০২৩

বিষয়: রিট পিটিশন নং ১০২৫৩/২০২৩ মোকদ্দমায় বিজ্ঞ আদালত কর্তৃক প্রদত্ত রুলের নির্দেশনা মোতাবেক অন্তর্বর্তীকালীন আদেশ পালনসহ পরবর্তী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ।

সূত্র: হাইকোর্ট বিভাগের রিট পিটিশন নং ১০২৫৩/২০২৩-এর ২০/০৮/২০২৩ খ্রি. তারিখের রুল।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের বরাতে আদিষ্ট হয়ে জানানো যাচ্ছে যে, মাগুরা জেলার শ্রীপুর উপজেলাধীন শ্রীকোল ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান জনাব মোঃ কুতুবুল্লাহ হোসেন মিয়া-কে ০৯/০৮/২০২৩ খ্রি. তারিখের ৪৬.০০.০০০০.০১৭.২৭.০৫১.১৪-৮০৭ সংখ্যক স্মারকে জারিকৃত প্রজ্ঞাপনের মাধ্যমে স্থানীয় সরকার বিভাগের ইউপি-১ শাখা হতে সাময়িক বরখাস্ত করা হয়। ফলে পিটিশনার জনাব মোঃ কুতুবুল্লাহ হোসেন মিয়া সংস্কৃত হয়ে মাননীয় হাইকোর্ট বিভাগে রিট পিটিশন নং ১০২৫৩/২০২৩ দায়ের করেন। মাননীয় হাইকোর্ট বিভাগ উপর্যুক্ত প্রজ্ঞাপন ০৬(ছয়) মাস পর্যন্ত স্থগিত করেন। এ মোকদ্দমায় স্থানীয় সরকার বিভাগের সচিব মহোদয়কে ১নং, সিনিয়র সহকারী সচিব, ইউপি-১ শাখাকে ৫নং এবং জেলা প্রশাসক, মাগুরা-কে ৬নং প্রতিপক্ষ করা হয়েছে।

২। এমতাবস্থায়, রিট পিটিশন নং ১০২৫৩/২০২৩ মোকদ্দমায় বিজ্ঞ আদালত কর্তৃক প্রদত্ত রুলের নির্দেশনা মোতাবেক অন্তর্বর্তীকালীন আদেশ পালনসহ পরবর্তী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশক্রমে সংশ্লিষ্ট রুলের কপি এতৎসঙ্গে প্রেরণ করা হলো।

সংযুক্তি: বর্ণনামতে.....পাতা। (7244/potrojariAttachmentRef/49844/0/2240)

২০-৯-২০২৩

পুরবী গোলদার

সিনিয়র সহকারী সচিব (অতিরিক্ত দায়িত্ব)

ফোন: +880255100995

ইমেইল: lglaw1@lgd.gov.bd

জেলা প্রশাসক

জেলা প্রশাসকের কার্যালয়, মাগুরা


স্মারক নম্বর: ৪৬.০০.০০০০.০২০.০৪.১৯০.২৩.১১২৮/১(৬)

তারিখ: ৫ আশ্বিন ১৪৩০

২০ সেপ্টেম্বর ২০২৩

সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হল:

- ১) সিনিয়র সহকারী সচিব, ইউনিয়ন পরিষদ -১ শাখা, স্থানীয় সরকার বিভাগ
- ২) সচিবের একান্ত সচিব, সচিবের দপ্তর, স্থানীয় সরকার বিভাগ
- ৩) প্রোগ্রামার, আইসিটি সেল, স্থানীয় সরকার বিভাগ
- ৪) ব্যক্তিগত কর্মকর্তা, অতিরিক্ত সচিবের অনুবিভাগ, স্থানীয় সরকার বিভাগ
- ৫) ব্যক্তিগত কর্মকর্তা, আইন অধিশাখা, স্থানীয় সরকার বিভাগ
- ৬) ব্যক্তিগত কর্মকর্তা, ইউনিয়ন পরিষদ অধিশাখা, স্থানীয় সরকার বিভাগ



২০-৯-২০২৩

পূর্বী গোলদার

সিনিয়র সহকারী সচিব (অতিরিক্ত দায়িত্ব)